অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল কার্লোসের আইন প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন

আইন S.621B/A.4947B একজন কর্মচারীর মৃত্যু বা গুরুতর শারীরিক আঘাতের ক্ষেত্রে ফৌজদারি কর্পোরেট দায়বদ্ধতা যুক্ত করার জন্য শাস্তিমূলক আইন সংশোধন করে

গভর্নর ক্যাথি হোকল আজ কার্লোসের আইন প্রতিষ্ঠার আইনে স্বাক্ষর করেছেন। আইনটি (S.621B/A.4947B) নিউ ইয়র্ক স্টেট শাস্তিমূলক আইনকে সংশোধন করে যাতে কোনো কর্মচারীর মৃত্যু বা গুরুতর শারীরিক আঘাতের ঘটনা ঘটলে তা ফৌজদারি কর্পোরেট দায়বদ্ধতা অনুযায়ী শাস্তি, কোনো অপরাধ বা অপকর্ম এবং সেক্ষেত্রে 500,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা হবে।

গভর্নর হোকল বলেন, "নির্মাণ শ্রমিকগণ হলো সেই ইঞ্জিন যা আমাদের অর্থনীতিকে সচল রাখে এবং তারা আইন অনুযায়ী শক্তিশালী সুরক্ষা পাওয়ার যোগ্য। এই আইনটি নিরাপত্তা প্রোটোকলের ক্ষেত্রে জবাবদিহিতার একটি নতুন ধারা যুক্ত করবে এবং যারা এই গুরুত্বপূর্ণ, কঠিন ও প্রায়ই বিপজ্জনক কাজ করে তাদের জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করবে। বিল স্পনসরদের এই কাজটি সম্পন্ন করার জন্য আমি তাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ জানাই এবং আমি আশা করি এটি কার্লোসের পরিবার এবং প্রিয়জনদের কিছুটা সান্ত্বনা প্রদান করবে।"

কার্লোসের আইন (S.621B/A.4947B) নিউ ইয়র্কের নির্মাণ সাইটগুলোতে শ্রমিকদের জন্য মর্মান্তিক ও এড়ানো যায় এমন আঘাতের ক্ষেত্রে আরো বেশি দায়বদ্ধতা নিশ্চিত করে৷ নতুন আইন অনুযায়ী, একটি কর্পোরেশন কর্মীর মৃত্যু বা আঘাতের ক্ষেত্রে ফৌজদারি কর্পোরেট দায়বদ্ধতার অধীনে দোষী সাববস্ত্য হবেন যখন কর্মচারীবৃন্দ কর্মক্ষেত্রে থাকাকালীন এটি অবহেলা, বেপরোয়া, ইচ্ছাকৃতভাবে বা জ্ঞাতসারে তাদের মৃত্যু বা গুরুতর শারীরিক আঘাত ঘটায়। আইনটির নামকরণ 22 বছর বয়সী নির্মাণ শ্রমিক কার্লোস মনকায়োরের নাম অনুসারে করা হয়েছে যিনি 2015 সালে নিউ ইয়র্ক সিটির একটি নির্মাণ সাইটে মর্মান্তিকভাবে মারা গিয়েছিলেন।

স্টেট সিনেটর জেমস স্যান্ডার্স বলেন, "2015 সালে, 22 বছর বয়সী কার্লোস মনকায়ো, কুইন্সের বাসিন্দা এবং একজন ইকুয়েডরীয় অভিবাসী, কর্মক্ষেত্রে নিহত হন কারণ তার নিয়োগকর্তাগণ বিপজ্জনক পরিস্থিতির সতর্কতা বারবার উপেক্ষা করার কারণে জনাব মনকায়োকে সেখানে রাখা হয়েছিল৷ তার সাথে, ন্যায়বিচার করা হয়নি এবং তার নিয়োগকর্তাগণ

ফৌজদারিমূলক কর্মের জন্য যথাযথ শাস্তি থেকে রক্ষা পেয়েছেন। তখন থেকে, নিউ ইয়র্কের অনেক কর্মী তাদের কর্মের সম্পূর্ণ পরিণতির সম্মুখীন না হয়ে তাদের সুপারভাইজারদের এরূপ আচরণের কারণে কর্মক্ষেত্রে গুরুতর আঘাত এবং এমনকি মৃত্যুও ভোগ করেছেন। অবশেষে কার্লোসের আইনটি নিয়োগকারীদের যথাযথভাবে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য আইন ব্যবস্থাকে শক্তিশালী করার পাশাপাশি ভবিষ্যতে অপরাধমূলক আচরণ ও শ্রমিকদের আঘাত ও মৃত্যু রোধ করতে সহায়তা করবে।"

অ্যাসেম্বলিমেম্বার রডনিস বিচোটে হারমেলিন বলেন, "আমার স্পনসরকৃত বিলের জন্য বছরের পর বছর লড়াই করার পরে, আমরা স্বস্তি পেয়েছি যে গভর্নর হোকল আমার ডিস্ট্রিক্টের কর্মজীবী, বিশেষ করে অভিবাসী শ্রমিকদের সুবিধা নেওয়া থেকে অসাধু নির্মাণ সংস্থাগুলোকে প্রতিহত করার জন্য কার্লোসের আইনে স্বাক্ষর করেছেন৷ বেশ কিছু পুনরাবৃত্তির পর, অবশেষে কর্মক্ষেত্র সংশ্লিষ্ট যথাযথ প্রশিক্ষণ এবং নিরাপত্তা প্রদানের জন্য নির্মাণ সংস্থাগুলোকে জবাবদিহি করতে পেরে আমি উচ্ছসিত। ব্যবসায়িক ব্যয় হিসেবে কর্মক্ষেত্রে গুরুতর আঘাত পাওয়াগুলো নিশ্চিহ্ন করার পরিবর্তে কার্লোসের আইনটি নির্মাণ সংস্থাগুলোকে এখন শ্রমিকদের মঙ্গলকে মূল্যায়ন করতে বাধ্য করবে। এছাড়াও সংশোধিত আইনটি 'কর্মচারীদের' সংজ্ঞা এবং সুরক্ষাকে সম্প্রসারিত করে যাতে সাবকন্ট্রাক্টর, দিনমজুর এবং অন্যান্য শ্রমিক যারা এই অধিকারগুলো পাওয়ার যোগ্য তাদের নিয়োগকর্তাদের দোষী হিসেবে চিহ্নিত করার জন্য যুক্ত করে। যদিও এক্ষেত্রে বলবৎযোগ্য একটি জরিমানা রয়েছে যা লঙ্ঘনকারীদের প্রতিহত করবে, তবে জীবন ফিরিয়ে আনার মতো পর্যাপ্ত অর্থ কোনোদিনই হবে না।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব লেবার কমিশনার রবার্টা রেয়ার্ডন বলেন, "নিউ ইয়র্ক স্টেট গড়ে তোলা মহিলা ও পুরুষগণ সর্বোচ্চ নিরাপত্তা ও স্বাস্থ্য সংশ্লিষ্ট মানদণ্ড পূরণ করে এমন কাজের পরিবেশ পাওয়ার যোগ্য দাবিদার এবং আমি অসাধু ঠিকাদারদের জবাবদিহিতা নিশ্চিত করার জন্য কার্লোসের আইন প্রণয়নকারী গভর্নর হোকলকে সাধুবাদ জানাই৷ আমরা যোগ্য ব্যবসাগুলোকে তাদের কর্মক্ষেত্রগুলো তাদের কর্মীদের জন্য নিরাপদ তা নিশ্চিত করতে ডিপার্টমেন্ট অব লেবার (Department of Labor, DOL)-এর বিনামূল্যের অন-সাইট পরামর্শ কর্মসূচির সুবিধা নেওয়ার আহ্বান জানাই।"

LIUNA ইস্টার্ন রিজিওনের ভাইস প্রেসিডেন্ট মাইক হেলস্ট্রম বলেন, "কার্লোসের আইনে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নরকে সাধুবাদ জানাই৷ নিউ ইয়র্কে প্রতি 5 থেকে 6 দিনে কর্মক্ষেত্রে একজন নির্মাণ শ্রমিককে হত্যা করা হয়। এই বিলটি কার্লোসের নিয়োগকর্তার চেয়ে পঞ্চাশ গুণ বেশি জরিমানার সুযোগ প্রদান করার পাশাপাশি প্রাথমিক এবং সর্বক্ষেত্রে প্রায়োগিক একটি প্রতিবন্ধক হিসেবে কাজ করবে। আইনসভা এবং গভর্নর হোকল স্বীকার করেছেন যে মৃত নির্মাণ শ্রমিকদের ভার্চুয়াল মহামারীর সমাপ্তি ঘটাতে হবে। আইনের এই অংশে, আমরা সেই লক্ষ্য পূরণের দিকে একটি বড় অর্জন নিয়ে এগিয়ে যাচ্ছি। নিউ ইয়র্কের শ্রমজীবী মানুষের প্রতি তাদের সমর্থনের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাই।"

মেসন টেন্ডার ডিস্ট্রিক্ট কাউন্সিলের বিজনেস ম্যানেজার মাইক প্রোহাস্কা বলেন, "নির্মাণ কার্যক্রম একটি সহজাত বিপজ্জনক ব্যবসা৷ তবে এটি মারাত্মক একটি হতে পারে না। দুষ্টু নির্মাতাগণ তাদের কর্মক্ষেত্রগুলো নির্মাণ করার জন্য সবচেয়ে শোষিত কর্মীদের সন্ধান করে

থাকে। প্রতি পাঁচজনের মধ্যে চারজন মৃত্যুর শিকার হওয়া ব্যক্তি ইউনিয়ন প্রতিনিধিত্বের বাইরের কোনো অভিবাসী। আমাদের কর্মক্ষেত্রে, আমরা শ্রমিকদের সুরক্ষা প্রদান করি। ইউনিয়ন করার মতো সৌভাগ্যবান নয় এমন শ্রমিকদের পাশে দাঁড়ানোর জন্য আমরা আজ গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418